NS-BNGA

Q.P. Sl. No.

# বাংলা

## 'ক' ভাষা

## ( নতুন পাঠক্রম )

## ২০২৫

মোট সময় : ৩ ঘন্টা ১৫ মিনিট ] [ পূর্ণমান : ৮০

✪ *পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে । বর্ণাশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে । উপান্তে প্রশ্নের পূর্ণমান সূচিত আছে ।*

### নির্দেশাবলি :

- এই প্রশ্নপুস্তিকাটির পৃষ্ঠা সংখ্যা ২০ ।
- প্রদত্ত নির্দেশ অনুসারে প্রশ্নের উত্তর দাও। মূল উত্তরপত্রেই কেবল প্রশ্নের উত্তর দিতে হবে, অন্যত্র নয়।

| |
|---|
| এই প্রশ্নপুস্তিকাটি রিভার্স জ্যাকেট দ্বারা বন্ধ করা আছে। পরীক্ষার্থীকে প্রশ্নপুস্তিকাটি খোলার জন্য নির্দেশিত দিকেই কাটতে হবে। |

**বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলির (MCQ) এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলির (SAQ) উত্তর, উত্তরপত্রে প্রদত্ত নির্দিষ্ট ছাপানো TABLE-এ লিখতে হবে।**

**( বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি )**

১. ঠিক বিকল্পটি নির্বাচন করো ( যে কোনো **আঠারোটি** প্রশ্নের উত্তর দাও ) (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : ১ × ১৮ = ১৮

(i) টাকাটা কোনো ............... দিয়ে আসতে হবে। কোথায় দিয়ে আসতে হবে ?

(A) স্কুলে (B) কলেজে

(C) রিলিফ ফান্ডে (D) দোকানে ।

(ii) মৃত্যুঞ্জয় কোথায় এসে বসল ?

(A) ঘরে (B) দোকানে

(C) বারান্দায় (D) উঠোনে ।

(iii) ভাত খেয়ে দেহে শক্তি পেলে উচ্ছব কী খুঁজে বের করবে ?

(A) বাদাটা (B) সুন্দর কৌটোটা

(C) মিষ্টির ভাঁড় (D) ছোটো খোকাকে ।

(iv) বুড়িকে হরিবোল বলতে শুনেছিল —

(A) ভট্টাচার্য মশাই (B) নকড়ি নাপিত

(C) নিবারণ বাগদি (D) জগা ।

(v) .................. এতক্ষণে মুখ খুলে বলল — বুড়িমা ! তুমি মরনি !

— কে বলল ?

(A) নিবারণ বাগদি (B) মোল্লাসাহেব

(C) চৌকিদার (D) ফজলু সেখ ।

(vi) সত্য কঠিন বলে কবি তাকে —

(A) ভালোবেসেছিলেন (B) এড়িয়ে গিয়েছিলেন

(C) ভয় পেয়েছিলেন (D) মেনে নিতে পারেন নি ।

(vii) কিসের মতো লাল আগুন ?

(A) কৃষ্ণচূড়ার মতো (B) মোরগফুলের মতো

(C) পলাশফুলের মতো (D) গোলাপফুলের মতো ।

(viii) আমার ক্লান্তির উপরে ঝরুক — কি ঝরার কথা বলা হয়েছে ?

(A) বৃষ্টি (B) ফুলের পাপড়ি

(C) মায়ের স্নেহ (D) মহুয়া ফুল ।

(ix) গাছগুলো বসাও । — কোথায় বসাতে হবে ?

(A) মাঠে (B) জঙ্গলে

(C) বাগানে (D) ছাদে ।

অথবা

(x) নিহত ভাইয়ের শবদেহ কবির মনে জাগিয়েছিল —

(A) বেদনা (B) সহানুভূতি

(C) আত্মগ্লানি (D) ক্রোধ ।

(xi) সে অভিনয়েও ভঙ্গির বহুল ব্যবহার আছে। — কোন্ অভিনয়ের কথা বলা হয়েছে ?

(A) কাবুকি থিয়েটার (B) গ্রীক নাটক

(C) সংস্কৃত নাটক (D) যাত্রা ।

(xii) রজনীকান্ত চট্টোপাধ্যায় থিয়েটারে আসার আগে চাকরি করতেন —

(A) পোস্ট অফিসে (B) পুলিশে

(C) কলেজে (D) জাহাজে ।

(xiii) 'পুত্র ! রাজনীতি বড়ো কূট ।' — কার উক্তি ?

(A) কালীনাথের (B) রজনীর

(C) দিলদারের (D) বক্তিয়ারের ।

(xiv) ভারত জয় করেছিল —

(A) তরুণ আলেকজান্ডার (B) সিজার

(C) সেলুকাস (D) দ্বিতীয় ফ্রেডারিক ।

অথবা

(xv) বলী কান্ধারী তিন-তিনবার কাকে ফিরিয়ে দিয়েছিলেন ?

(A) পাঞ্জা সাহেবকে (B) গুরু নানককে

(C) মর্দানাকে (D) মায়ের বান্ধবীকে ।

(xvi) বাংলা গানে সঞ্চারীর প্রবর্তন কার অমর কীর্তি ?

(A) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের (B) যদুভট্টের

(C) সুধীরলাল চক্রবর্তীর (D) রবীন্দ্রনাথ ঠাকুরের ।

(xvii) সহজ পাঠ গ্রন্থের অলঙ্করণ করেছিলেন —

(A) নন্দলাল বসু (B) যামিনী রায়

(C) অবনীন্দ্রনাথ ঠাকুর (D) রামকিঙ্কর বেইজ ।

অথবা

(xviii) 'বাঞ্ছারামের বাগান' চলচ্চিত্রটির নির্মাতা —

(A) সত্যজিৎ রায় (B) মৃণাল সেন

(C) তপন সিংহ (D) ঋত্বিক ঘটক ।

(xix) ইন্সটিটিউট অব নিউক্লিয়ার ফিজিক্স (১৯৪৮) গড়ে ওঠে যাঁর প্রচেষ্টায়, তিনি হলেন —

(A) জগদীশচন্দ্র বসু
(B) প্রফুল্লচন্দ্র রায়
(C) মেঘনাদ সাহা
(D) নীলরতন সরকার।

অথবা

(xx) মোহনবাগান ক্লাব গঠিত হয় —

(A) ১৮৯৭ সালে
(B) ১৮৮৯ সালে
(C) ১৮৯৩ সালে
(D) ১৮৯২ সালে।

(xxi) তুলনামূলক ভাষাবিজ্ঞানের সূত্রপাত করেছিলেন —

(A) উইলিয়াম কেরী
(B) সুকুমার সেন
(C) স্যার উইলিয়াম জোন্স
(D) সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

(xxii) 'অন্ন' শব্দটির আদি অর্থ ছিল —

(A) ভাত  (B) খাদ্য

(C) পরমান্ন  (D) মিষ্টান্ন ।

**( সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলি )**

২. অনধিক ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : ১ × ১২ = ১২

(i) 'মৃত্যুঞ্জয় আপিসে যায় না। ' — মৃত্যুঞ্জয় কেন আপিসে যায় না ?

(ii) 'সে যেন কেমন হয়ে যাচ্ছিল ।' — কার কথা বলা হয়েছে ? তার এমন হয়ে যাওয়ার কারণ কী ?

(iii) 'শাশুড়ির মাছ খাওয়া বুঝি ঘুচে যায়।' — শাশুড়ির মাছ খাওয়ার জন্য কোন্ কোন্ মাছের আয়োজন করা হয়েছে ?

অথবা

পউষে বাদলা সম্পর্কে গ্রামের ডাকপুরুষের 'পুরোনো বচন' আছে। — বচনটি কী ?

(iv) কবি রূপনারানের কূলে জেগে উঠে কী উপলব্ধি করলেন ?

(v) 'এসেছে সে ভোরের আলোয় নেমে।' — কে নেমে এসেছে ও নেমে এসে কী করছে ?

(vi) মেঘ মদির মহুয়ার দেশে কী দেখা যায় ?

অথবা

ক্রন্দনরতা জননীর পাশে থাকতে না পারলে কবির আছে কী কী অর্থহীন ?

(vii) 'দুরন্ত অভাব থেকেই এর জন্ম।' — এখানে কোন্ অভাবের কথা বলা হয়েছে ?

(viii) 'একটুও ভালো লাগে না বাড়িতে।' — বক্তার ভালো না লাগার কারণ কী ?

(ix) 'পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন' — কবিতায় কোন্ কোন্ দেশের উল্লেখ আছে ?

(x) ভাষা বিজ্ঞানের দিক থেকে আদর্শ অভিধানে প্রতিটি entry বা শব্দের তিন স্তর থাকে। — স্তর তিনটি কী কী ?

(xi) প্রত্যয় কাকে বলে ও কয় প্রকার ?

(xii) 'ন্যূনতম শব্দজোড়' বলতে কী বোঝায় ?

---

## ( বিষয়ভিত্তিক / বর্ণনামূলক প্রশ্নাবলি )

৩. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৩.১ 'মৃত্যুঞ্জয়ের বাড়ির অবস্থা শোচনীয়।' — কার লেখা এবং কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে ? মৃত্যুঞ্জয়ের বাড়ির অবস্থা শোচনীয় কেন ? ১ + ১ + ৩

৩.২ 'কী রকম যেন উগ্র চাহনি' — কার সম্পর্কে কার এই মন্তব্য ? এই চাহনিকে উগ্র বলা হয়েছে কেন ? উদ্দিষ্ট ব্যক্তির পরিচয় দাও। ১ + ১ + ১ + ২

৪. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৪.১ 'সে কখনো করে না বঞ্চনা' — কে কখনও বঞ্চনা করে না ? কবি কীভাবে এই উপলব্ধিতে পৌঁছেছেন ? ১ + ৪

৪.২ 'এই ভোরের জন্য অপেক্ষা করছিল।' — কোন্ ভোরের জন্য কে অপেক্ষা করছিল ? যে অপেক্ষা করছিল, তার পরিণতি কী হয়েছিল ? ১ + ১ + ৩

৫. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৫.১ 'আর একবার এক মারাঠি তামাশায় দেখেছিলাম' — বক্তা মারাঠি তামাশার কথা উল্লেখ করেছেন কেন ? তিনি মারাঠি তামাশায় কী দেখেছিলেন ? ২ + ৩

৫.২ 'আমি রোজ লুকিয়ে গ্রিনরুমে ঘুমোই চাটুজ্জেমশাই।, — কোন্ নাটকে কার উক্তি ? কার প্রতি এই উক্তি ? তিনি কেন গ্রিনরুমে ঘুমান ? ১ + ১ + ১ + ২

৬. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৬.১ 'পাতায়-পাতায় জয় / জয়োৎসবের ভোজ' বানাত কারা ? — পাতায় পাতায় কাদের জয় লেখা ? 'যারা জয়োৎসবের ভোজ' বানাত, তাদের প্রতি বক্তার কী মনোভাব প্রকাশ পেয়েছে ? ২ + ৩

৬.২ 'পাঙ্গাসাহেবে পৌঁছে এক আশ্চর্য ঘটনার কথা জানতে পারি।' — কোন্ আশ্চর্য ঘটনার কথা জানতে পারেন লেখক ? ঘটনাটি জানার পর তাঁর মনোভাব কেমন হয়েছিল ? ৩ + ২

৭. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৭.১ 'অমনি মনের মধ্যে গুনগুনিয়ে উঠল মার কাছে শেখা গান।' লেখক কী গান শুনেছিলেন মায়ের কাছ থেকে ? কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছেন লেখক ?

১ + ৪

৭.২ 'জেলখানা না দেখলে দেশের একটা বড়ো দিক অদেখা থেকে যায়।' — এখানে কোন্ জেলখানার কথা বলা হয়েছে ? সেই জেলখানার বর্ণনা দাও। ১ + ৪

৮. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৮.১ সমাজভাষাবিজ্ঞানের মূল ভাগগুলি উল্লেখ করো। উপলক্ষ্য অনুযায়ী ভাষা বা উপভাষার বদলকে সমাজবিজ্ঞানীরা কী বলেন ? পরিস্থিতি অনুযায়ী ভাষা বদলের প্রক্রিয়াকে কী বলা হয় ? ৩ + ১ + ১

৮.২ বাগ্ধ্বনি প্রধানতঃ ক'ধরনের ? ভাগগুলির নাম লেখো। বিভাজ্যধ্বনির দুটি মূল ভাগ কী কী ? ১ + ২ + ২

৯. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ২ = ১০

৯.১ বাঙালির চিত্রকলা চর্চার ধারায় নন্দলাল বসুর অবদান আলোচনা করো।


৯.২ বাংলা চলচ্চিত্রের ধারায় ঋত্বিক ঘটক অথবা মৃণাল সেনের অবদান আলোচনা করো।

৯.৩ বাংলা চিকিৎসাবিজ্ঞানে রাধাগোবিন্দ কর অথবা কাদম্বিনী (বসু) গঙ্গোপাধ্যায়ের ভূমিকা সম্পর্কে আলোচনা করো।

৯.৪ বাঙালির কুস্তিচর্চার ইতিহাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

১০. নিম্নলিখিত যে-কোনো **একটি** বিষয় নির্বাচন করে, নির্দেশানুসারে কমবেশি ৪০০ শব্দে **একটি** প্রবন্ধ রচনা করো : ১০ × ১ = ১০

১০.১ নিম্নে প্রদত্ত মানস-মানচিত্র অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো :




১০.২ প্রদত্ত অনুচ্ছেদটিকে প্রস্তাবনা বা ভূমিকাস্বরূপ গ্রহণ করে, পরিণতি দানের মাধ্যমে একটি পূর্ণাঙ্গ প্রবন্ধ রচনা করো :

**দেশভ্রমণ**

বিপুলা এ পৃথিবীতে নানান বৈচিত্র্যে সমাহার । সৃষ্টিকর্তা যেন নিপুণ হাতে শিল্পীর মতো সজ্জিত করেছেন পৃথিবীকে। প্রতিদিনের গতানুগতিক জীবনধারায় একঘেয়ে মানবমন বিশাল পৃথিবীর সৌন্দর্যের অনুসন্ধানে ব্যাকুল হয়ে ওঠে । নিজের চোখে না দেখে শান্তি পায় না । তখন তার মন মুক্ত বিহঙ্গের মতো ছুটে চলে দেশে দেশে । অজানাকে জানতে, অদেখাকে দেখতে : সর্বোপরি মনের পরিপূর্ণতা সাধনই হয় তার উদ্দেশ্য । তখন চার দেয়ালের কারাগার থেকে সে বেরিয়ে পড়ে ।

১০.৩ প্রতিপক্ষের যুক্তির দুর্বলতা প্রমাণ করে স্বপক্ষে যুক্তিবিন্যাস করে প্রবন্ধ রচনা করো :

**বিতর্কের বিষয় :** বর্তমানে বিজ্ঞানের যুগে সাহিত্যপাঠের গুরুত্ব কমেছে ।

**পক্ষে** : বিজ্ঞান-প্রযুক্তি বর্তমান জনজীবনকে এত বিচিত্রমুখী ও গতিশীল করে তুলেছে যে সাহিত্যের প্রতি আকর্ষণ কমেছে এবং সাহিত্যপাঠের অবসরও হ্রাস পেয়েছে । প্রথাগত লেখাপড়াও বাস্তবমুখী ও উপার্জনমুখী হয়ে ওঠায় আবেগ-কল্পনা প্রাধান্য হারিয়েছে । সাহিত্যপাঠে সময় ব্যয় অনেকের কাছে অনর্থক ও বিলাসিতা । সিলেবাস-বহির্ভূত সাহিত্যপাঠে অধিকাংশেরই আগ্রহ থাকে না ।

**বিপক্ষে** : কেবল বিজ্ঞান-প্রযুক্তি মানুষের মনের খিদে মেটাতে পারে না । শৈশব থেকেই সাহিত্য আমাদের আনন্দ দেয়, অজান্তেই মানসিক গঠনে সাহায্য করে এবং কোমল প্রবৃত্তিগুলি লালন করে । সিলেবাসভুক্ত সাহিত্যপাঠ পরবর্তীকালে সিলেবাস-বহির্ভূত সাহিত্যপাঠের প্রতি আগ্রহ জাগায় । সাহিত্য হল সমাজের দর্পণ । এর মাধ্যমে মানুষ সমাজকে চেনে । সাহিত্যপাঠে বিজ্ঞানেরও বহু বিষয় ও ব্যক্তি সম্পর্কে পরিচিত হওয়া যায় ।

১০.৪ প্রদত্ত সূত্র ও তথ্য অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো :

**সাহিত্যিক ও সমাজসেবী মহাশ্বেতা দেবী**

- জন্ম : ১৪ জানুয়ারী, ১৯২৬, ঢাকায়
- পিতা : কবি মনীশ ঘটক ( যুবনাশ্ব )
- মাতা : ধরিত্রী দেবীও ছিলেন সাহিত্যপ্রেমী ও সমাজসেবী।
- শিক্ষা : প্রাথমিক শিক্ষা রাজশাহির স্কুলে । তারপর ১৯৩৬ থেকে ১৯৩৮ সাল পর্যন্ত শান্তিনিকেতনে রবীন্দ্রনাথের সান্নিধ্যে ।
  : ১৯৪২-এ বেলতলা বালিকা বিদ্যালয় থেকে ম্যাট্রিক পাশ। পরবর্তীকালে ইংরাজী সাহিত্যে এম.এ.
- বিবাহ : নাট্যব্যক্তিত্ব বিজন ভট্টাচার্যের সঙ্গে, ১৯৪৭ সালে।
- সন্তান : একমাত্র সন্তান সাহিত্যিক নবারুণ ভট্টাচার্য ।
- কর্মজীবন : পদ্মপুকুর ইনস্টিটিউশনে শিক্ষকতা, পোস্ট অ্যান্ড টেলিগ্রাফে আপার ডিভিশান ক্লার্ক। রমেশ মিত্র বালিকা বিদ্যালয়ে এবং জ্যোতিষ রায় কলেজে শিক্ষকতা ।
- সাহিত্যকৃতি : প্রচুর ছোটো গল্প ও উপন্যাস লিখেছেন । উল্লেখযোগ্য গ্রন্থ : ঝাঁসির রানি (প্রথম প্রকাশিত বই), অরণ্যের অধিকার, হাজার চুরাশির মা, তিতুমির, স্তনদায়িনী ও অন্যান্য গল্প ইত্যাদি ।

- ম্যাগসেসাই, সাহিত্য আকাদেমি, জ্ঞানপীঠ ইত্যাদি পুরস্কার পান। ভারত সরকার দ্বারা পদ্মশ্রী এবং পদ্ম বিভূষণ পুরস্কারে সম্মানিত হয়েছেন ।
- আদিবাসী সমাজের জীবনযাত্রার ও অর্থনীতির উন্নতি ঘটিয়ে তাদের সমাজের মূলস্রোতে ফেরানোর জন্য নিরলসভাবে কাজ করেছেন। বিশেষতঃ শবর-খেড়িয়া উপজাতির উন্নয়নে তাঁর অবদান অপরিসীম।
- জীবনাবসান : ২০১৬ সালের ২৮ শে জুলাই।